



# বিএএফ শাহীন কলেজ ঢাকা

জাহাঙ্গীর গেট, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬

EIIN: 107858

তারিখ: ১৪ জুলাই ২০২৪

## একাদশ শ্রেণির ভর্তি নির্দেশিকা

সেশন: ২০২৪-২০২৫

বিএএফ শাহীন কলেজ ঢাকা ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি কার্যক্রম সম্পূর্ণ অনলাইনে পরিচালনা করবে।  
অত্র কলেজে শিক্ষাবোর্ড কর্তৃক নির্বাচিত শিক্ষার্থীদেরকে ভর্তি সংক্রান্ত বিষয়ে নিম্নলিখিত নির্দেশনা প্রদান করা হলো:

- ভর্তির সকল কার্যক্রম অনলাইনে সম্পন্ন হবে। শিক্ষাবোর্ডের নির্দেশক্রমে আগামী ১৫ জুলাই ২০২৪ সকাল ৮:০০ হতে ২৫ জুলাই দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। ভর্তির জন্য কোনো শিক্ষার্থীকে কলেজে আসার প্রয়োজন হবে না।
- প্রয়োজনীয় ডকুমেন্ট (সফটকপি - ফাইল সাইজ সর্বোচ্চ 200 kb):**
  - ছাত্রছাত্রীদের সদ্যতোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি।
  - SSC পরীক্ষার প্রবেশপত্র।
  - SSC-পাশের নম্বরপত্র।
  - বিমান/সেনা/ নৌবাহিনীতে কর্মরত/অবসরপ্রাপ্ত অভিভাবকদের ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক প্রদত্ত সন্তানের স্বপক্ষে সনদপত্র।
  - বিএএফ শাহীন কলেজ ঢাকায় কর্মরত Teaching / Non-Teaching Staff- দের কলেজ কর্তৃক প্রদত্ত সনদপত্র।
  - জন্মসনদের অনলাইন ভেরিফাইড কপি (যদি থাকে)।
  - বিদ্যালয় কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র (যদি থাকে)।
  - পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্র (যদি থাকে)।
- ভর্তি ফি বাবদ অনলাইন চার্জ ব্যতীত **বাংলা ভাষার জন্য ৭৫০০/- (সাত হাজার পাঁচশত টাকা)** এবং **ইংরেজি ভাষার জন্য ৮৫০০/- (আট হাজার পাঁচশত টাকা)** যেকোনো অনলাইন মাধ্যমে (মোবাইল ব্যাংকিং-বিকাশ/নগদ/রকেট, যেকোনো ব্যাংক কার্ড, নেট ব্যাংকিং) প্রদানের জন্য প্রস্তুত থাকতে হবে।
- <https://bafsd.edu.bd/> লিংকে প্রবেশ করে Registration সম্পূর্ণ করতে হবে এবং ভর্তির জন্য প্রয়োজনীয় ফি প্রদান করতে হবে।
- Registration এর সময় প্রদত্ত মোবাইলে SMS এর মাধ্যমে USER ID ও PASSWORD পাওয়া যাবে, যা ব্যবহার করে login করতে হবে এবং ভর্তি পরবর্তী কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- ভর্তির আবেদনপত্রে প্রয়োজনীয় তথ্য সঠিকভাবে পূরণের মাধ্যমে আবেদন সম্পন্ন করতে হবে।
- নৈর্বাচনিক ও ঐচ্ছিক বিষয় নির্বাচনের ক্ষেত্রে নিম্নে প্রদত্ত পাঠ্য বিষয়বিন্যাস অনুসরণ করতে হবে।

বিজ্ঞান বিভাগ	ব্যবসায় শিক্ষা বিভাগ	মানবিক বিভাগ
<p>ক. আবশ্যিক বিষয়সমূহ</p> <ol style="list-style-type: none"><li>বাংলা</li><li>ইংরেজি</li><li>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি</li></ol> <p>খ. নৈর্বাচনিক বিষয়সমূহ (০৩ টি)</p> <ol style="list-style-type: none"><li>পদার্থ বিজ্ঞান</li><li>রসায়ন</li><li>জীববিজ্ঞান/উচ্চতর গণিত</li></ol> <p>গ. ঐচ্ছিক বিষয়সমূহ (০১ টি)</p> <ol style="list-style-type: none"><li>জীববিজ্ঞান/উচ্চতর গণিত/ প্রকৌশল অঙ্কন ও জরিপ /পরিসংখ্যান/মনোবিজ্ঞান</li></ol> <p>বি. দ্র.</p> <ol style="list-style-type: none"><li>নৈর্বাচনিক বিষয় জীববিজ্ঞান নিলে চতুর্থ বিষয় EDS বা পরিসংখ্যান নেওয়া যাবে না।</li><li>নৈর্বাচনিক বিষয় উচ্চতরগণিত নিলে চতুর্থ বিষয় মনোবিজ্ঞান নেওয়া যাবে না।</li><li>মনোবিজ্ঞান শুধু বাংলা ভাষার জন্য প্রযোজ্য।</li></ol>	<p>ক. আবশ্যিক বিষয়সমূহ</p> <ol style="list-style-type: none"><li>বাংলা</li><li>ইংরেজি</li><li>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি</li></ol> <p>খ. নৈর্বাচনিক বিষয়সমূহ (০৩ টি)</p> <ol style="list-style-type: none"><li>হিসাব বিজ্ঞান</li><li>ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা</li><li>উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন/ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা</li></ol> <p>গ. ঐচ্ছিক বিষয়সমূহ (০১ টি)</p> <ol style="list-style-type: none"><li>উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন/ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা/ কৃষিশিক্ষা/পরিসংখ্যান</li></ol>	<p>ক. আবশ্যিক বিষয়সমূহ</p> <ol style="list-style-type: none"><li>বাংলা</li><li>ইংরেজি</li><li>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি</li></ol> <p>খ. নৈর্বাচনিক বিষয়সমূহ (০৩ টি)</p> <ol style="list-style-type: none"><li>অর্থনীতি/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি</li><li>পৌরনীতি ও সুশাসন/সমাজকর্ম</li><li>ভূগোল/যুক্তিবিদ্যা</li></ol> <p>গ. ঐচ্ছিক বিষয়সমূহ (০১ টি)</p> <ol style="list-style-type: none"><li>মনোবিজ্ঞান/কৃষিশিক্ষা/পরিসংখ্যান পরিসংখ্যান</li></ol> <p>বি. দ্র.</p> <ol style="list-style-type: none"><li>অর্থনীতি বিষয় নিতে হলে অবশ্যই এসএসসি পরীক্ষায় গণিত/উচ্চতর গণিত বিষয়ে A+ থাকতে হবে।</li></ol>

- মুক্তিযোদ্ধা ও শিক্ষা কোটায় আবেদনকৃত শিক্ষার্থীরা অবশ্যই প্রয়োজনীয় প্রমাণাদিসহ ১৫-০৭-২০২৪ তারিখ দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে কলেজ অফিস থেকে অনুমোদন নিতে হবে। অতঃপর অনলাইনে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। উল্লেখ্য যে, অনুমোদন ব্যতীত ভর্তির কোনো সুযোগ নেই।
- অনলাইনে পূরণকৃত ভর্তি ফরমের PDF অথবা PRINT কপি নিজের কাছে সংরক্ষণ করতে হবে।
- অসম্পূর্ণ আবেদনপত্র, ভুল তথ্য বা অসদুপায় অবলম্বন করলে তার ভর্তি বাতিল এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- শ্রেণিকক্ষে পাঠদানের তারিখ, সময় বা পরবর্তী নির্দেশনা মোবাইলে SMS-এর মাধ্যমে জানানো হবে।
- যেকোনো প্রয়োজনে নিম্নোক্ত নাম্বারে যোগাযোগ করা যাবে। ০১৭৫৯-৫৩৬৬২২, ০১৭৭৭-৫২১১৫৯

অধ্যক্ষ